

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৬৩

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

اَلْفَصْلُ التَّالِثُ (بَابِ أَشْرَاطِ السَّاعَة)

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: فُقِدَ الْجَرَادُ فِي سَنَةٍ مِنْ سِنِي عُمَرَ الَّتِي تُوُفِّيَ فِيهَا فَاهْتَمَّ بِذَلِكَ هَمَّا شَدِيدًا فَبَعَثَ إِلَى الْيمن رَاكِبًا وراكبا إِلَى الْعرق وَرَاكِبًا إِلَى الشَّامِ يَسْأَلُ عَنِ الْجَرَادِ هَلْ أُرِيَ مِنْهُ شَيْئًا فَأَتَاهُ الرَّاكِبُ الَّذِي مِنْ قبل الْيمن بقبضة فنثرهابين يَدَيْهِ فَلَمَّا رَاهَا عُمَرُ كَبَّرَ وَقَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ خَلَقَ أَلْفَ أُمَّةٍ سِتُّمِاتَةٍ مِنْهَا فِي الْبَحْرِ وَأَرْبَعُمِائَةٍ فِي الْبَرِّ فَإِنَّ أَوَّلَ هَلَاكِ هَذِهِ الْأُمَّةِ الْجَرَادُ فَإِذَا هَلَكَ الْجَرَادُ تَتَابَعَتِ الْأُمَمُ كَنِظَامِ السِّلْكِ «. رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي» شُعَبِ الْإِيمَانِ

اسناده ضعیف ، رواه البیهقی فی شعب الایمان (10132 - 10133 ، نسخة محققة : 9659 - 9660) * فیم عیسی بن شبیب وهو محمد بن عیسی الهلالی العبدی : ضعیف جدًا ضعفه الجمهور و الراوی عنه شیخ وهو عبید بن واقد القیسی : ضعیف

(ضَعِيف)

বাংলা

৫৪৬৩-[২৭] জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যে বছর 'উমার (রাঃ) ইন্তিকাল করেন, সে বছর তিনি (হিজায এলাকায়) টিডিড (পঙ্গপাল) দেখতে পাননি, তিনি এতে বিশেষভাবে চিন্তিত হয়ে পড়লেন। অতঃপর তিনি ইয়ামান, ইরাক এবং সিরিয়ার দিকে আরোহী পাঠিয়ে জানতে চাইলেন, সে সকল এলাকায় কেউ কোন টিডিড দেখেছে কিনা? পরে ইয়ামানের দিকে প্রেরিত আরোহী এক মুষ্টি টিডিড এনে তাঁর সামনে ছড়িয়ে দিল। তা দেখে 'উমার (রাঃ) 'আল-হু আকবার ধ্বনি উচ্চারণ করলেন। আর তিনি ('উমার রাঃ) বললেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, মহাপরাক্রমশালী আল্লাহ এক হাজার



সৃষ্টিজীবকে সৃষ্টি করেছেন। তন্মধ্যে ছয়শত সমুদ্রে এবং চারশত স্থলে। আর এ উভয়বিধ প্রাণীর মাঝে সর্বপ্রথম ধ্বংস হবে টিভিডসমূহ। যখন টিভিড ধ্বংস হয়ে যাবে তারপর উভয় জায়গার প্রাণীসমূহ একটির পর একটি এমনভাবে ধ্বংস হতে থাকবে যেমন, সুতা ছেড়া দানা একটির পর আরেকটি পড়তে থাকে। (বায়হাক্কী'র শুআবুল ঈমান)

ফুটনোট

যঈফ: সনদে শায়খুন মাজহুল, শুআবুল ঈমান ১০১৩২।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন